

দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪

সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net

E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১২তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০।

প্রচার পত্র নং- ৫৩/২০১৩

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ১২/০৬/২০১৩খ্রিঃ।

২৯ জ্যৈষ্ঠ, ১৪২০ বাংলা।

কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-৩৬, তারিখঃ ১০/০৬/২০১৩ইং সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাঃ/-

এম রহমান

উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ নং-৩৬

তারিখঃ ১০/০৬/২০১৩

জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-১৪৯/আইন/২০১৩/২৪৩৬/কাস্টমস্, তারিখঃ ০৬/০৬/২০১৩ মোতাবেক জাপান হতে আমদানিকৃত ব্যবহৃত, পুরাতন বা রিকন্ডিশন মোটর গাড়ি বা যানবাহন শুঙ্কায়নের ক্ষেত্রে ন্যূনতম মূল্য নির্ধারণে অবচয় সুবিধা প্রদানের জন্য ন্যূনতম ৩৬৫ দিন থেকে অনধিক ৫(পাঁচ) বৎসর গণনায় জাপান থেকে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate (RCC) এবং Japan Auto Appraisal Institute (JAAI) কর্তৃক ইস্যুকৃত গাড়ির বয়স সংক্রান্ত সনদপত্র এবং জাপান ব্যতীত অন্যান্য দেশ থেকে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate (RCC) দাখিল করার নির্দেশনা রয়েছে। সরকারী রাজস্ব সুরক্ষার স্বার্থে বয়সের বিষয়টি অধিকতর নিশ্চিত হওয়া প্রয়োজন। এই ক্ষেত্রে উল্লিখিত সনদসমূহের অতিরিক্ত হিসেবে আমদানিকৃত এ ধরনের প্রতিটি গাড়ি শুঙ্কায়নের ক্ষেত্রে চেসিস বুকের চেসিস নাম্বারের বিপরীতে উল্লিখিত গাড়ি উৎপাদনের বৎসর যাচাই করে বয়সের বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে আদেশ দেয়া হলো।

স্বাক্ষরিত/-

মোঃ মাসুদ সাদিক

কমিশনার অব কাস্টমস্

ফোন-০৩১-৭১৩৯১৮

তারিখঃ ১০/০৬/২০১৩

নথি নং-২৮(৩০)কাস/৯৮-৯৯-২০০১-২০০৪/৮৩৮০(১)কাস

পৃষ্ঠা নং- ৫৫